উপজেলা পরিষদ কার্যালয়
বোরহানউদ্দিন, ভোলা।

বোরহানউদ্দিন উপজেলা পরিষদের জানুয়ারি-২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : আবুল কালাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বোরহানউদ্দিন, ভোলা।
তারিখ : ২৮ জানুয়ারি, ২০২১ খ্রি. রোজ: বৃহস্পতিবার, সময়: সকাল ১১.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের হাজিরা আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ আছে

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানো হলে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকন্ড নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১	**উপজেলা কৃষি বিভাগ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরহানউদ্দিন উপজেলায় বোরো হাইব্রিড ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৪২০০ জন চাষীর মাঝে বিনামূল্যে প্রত্যেককে ২ কেজি হারে বোরো হাইব্রিজ ধান বীজ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্মকান্ড স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বোরো হাইব্রিড ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৪২০০ জন চাষীর মাঝে বিনামূল্যে প্রত্যেককে ২ কেজি হারে ব্লক ভিত্তিক বোরো হাইব্রিজ ধান বীজ যথাযথভাবে বিতরণ করা হবে।	উপজেলা কৃষি অফিসার
২	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, 'সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্দকৃত গভীর নলকূপের বোরিং ইতোমধ্য সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন, মুজিব বর্ষের জন্য নির্মিত ঘরসমূহের সাইটে (কুতুবা ও কাচিয়া) গভীর নলকূপ স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	(ক) নলকূপ স্থাপন কাজের গুণগতমান সঠিক রাখতে হবে; (খ) নলপূক বোরিং কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে; (গ) কুতুবা ও কাচিয়াতে মুজিববর্ষের নির্মাণাধীন ঘরসমূহের সাইটে গভীর নলকূপ স্থাপন করতে হবে।	উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৩	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** আবাসিক মেডিকেল অফিসার সভায় জানান, কোভিড-১৯ থেকে সুরক্ষার একটি নিরাপদ ও কার্যকারী উপায়। প্রতিরোধই ভাইরাস সংক্রমণ থেকে রক্ষা পাওয়ার উত্তম পদ্ধতি। টিকা নেওয়ার জন্য www.surokkha.gov.bd ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের পর টিকা প্রদানের তারিখ ও স্থান আপনার মোবাইল ফোনে ফিরতি বার্তার মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। যাদের মধ্যে কোভিড-১৯ ভাইরাস সংক্রমণের ঝুঁকি বেশি, সে সকল শ্রেণি পেশার মানুষ থেকে সংক্রমণ ছড়ানোর আশঙ্কা বেশি এবং যারা আক্রান্ত হলে জটিলতা বা মৃত্যু ঝুঁকি বেশি- প্রথম ধাপে তাদের টিকা দেওয়া হবে। ডা. মু. ইমরান হাসান, মেডিকেল অফিসার সভায় জানান, যারা টিকা গ্রহণ করতে ইচ্ছুক তাদের প্রত্যেককে দুই ডোজ টিকা গ্রহণ করতে হবে। প্রথম	(ক) ১ম ধাপে করোনার সম্মোখ যোদ্ধা হিসেবে সকল সরকারি দপ্তরের দপ্তর প্রধান ও কর্মচারীবৃন্দ কোভিড-১৯ টিকা গ্রহণ করতে হবে; (খ) মুক্তিযোদ্ধাগণ রেজিস্ট্রেশন করে এই টিকা গ্রহণ করবে; (গ) জনসাধারণকে কোভিড-১৯ টিকা গ্রহণের জন্য উদ্বুদ্ধ করণের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে নিয়মিত মাইকিং এবং জনসচেতনতামূলক কার্যক্রম অব্যহত রাখতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

মো: সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
	ডোজ টিকা দেওয়ার ৮ সপ্তাহ পর দ্বিতীয় ডোজ টিকা দেওয়া হবে। শুধু এক ডোজ টিকা নিলে সুরক্ষা বা নিরাপদ থাকা যাবে না। গর্ভবতী বা শিশুকে বুকের দুধ পান করানো মায়েদের ওপর এই টিকা পরীক্ষা-নিরীক্ষা করা হয়নি। তাই এই ধরনের মায়েদের করোনা টিকা দেওয়া হচ্ছে না। টিকা গ্রহণের তিন মাস পর গর্ভধাণ করা উত্তম।		
৪	**উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, সকল ইউনিয়নে ২০২১-২০২২ ভিজিডি চক্রে উপকারভোগীদের নিকট কার্ড বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।	নির্ধারিত সময়ের মধ্যে সকল ইউনিয়নে ২০২১-২০২২ ভিজিডি চক্রে উপকারভোগীদের কার্ড বিতরণ নিশ্চিত করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
৫	**উপজেলা মৎস্য দপ্তর** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, আগামী ১ মার্চ থেকে ৩০ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত ০২ মাসব্যাপী তেতুলিয়া ও মেঘনা নদীতে 'অভয়াশ্রম' ঘোষণা করা হয়েছে। সরকার কর্তৃক ঘোষিত এই সময়ে সকল নদীতে সকল ধরণের মাছ আরোহণ, পরিবহন, বিপণন, বিনিময় এবং বাজারজাতকরণ সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। এ ব্যাপারি তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	(ক) সরকার কর্তৃক নিষিদ্ধ সময়ে তেতুলিয়া ও মেঘনা নদীতে জেলেদের মাছ আহরণ থেকে বিতরণ থাকার জন্য সকল জেলেদের অবহিতকরণ এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে মতবিনিময় করবেন।	১. উপজেলা নির্বাহী অফিসার ২. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ৩. ইউপি চেয়ারম্যান (সকল)
৬	**উপজেলা পল্লী উন্নয়ন** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, সমিতির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। খেলাপী ঋণ আদায়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	দারিদ্র্য বিমোচনে উৎপাদনমুখী প্রকল্পে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেল পল্লী উন্নয়ন কর্মকর্তা ২. ইউপি চেয়ারম্যান (সকল)
৭	**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস** উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান, নবম শ্রেণির বই এখনও পাওয়া যায়নি। বই পাওয়া মাত্র শিক্ষা প্রতিষ্ঠানে পৌঁছে দেওয়া হবে। তিনি আরও জানান যে, শিক্ষা মন্ত্রণালয় থেকে আগামী ৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখ শিক্ষা প্রতিষ্ঠান খোলার বিষয়ে সম্ভাবনা করয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানের ব্যঞ্চ ফাঁকা-ফাঁকা রেখে শ্রেণি কক্ষ সজ্জিতকরণের জন্য ইতোমধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম চলমান।	(ক) নবম শ্রেণির বই পাওয়া মাত্র শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ নিশ্চিত করতে হবে; (খ) শিক্ষা প্রতিষ্ঠান খোলার পূর্বে সকল শ্রেণি কক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বেঞ্চ সজ্জিত এবং শ্রেণি কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে।	১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ২. প্রধান শিক্ষক/ সুপার (সকল)
৮	**প্রাথমিক শিক্ষা বিভাগ** প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, শিক্ষকদের বেতন EFT এর মাধ্যমে প্রদানের জন্য কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	EFT কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।	১. উপজেলা শিক্ষা অফিসার ২. প্রধান শিক্ষক (সকল)
৯	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিবার কল্যাণ সহকারীদের নজরদারীতে আনতে হবে। তার ফিল্ডে গিয়ে নিজ দায়িত্ব পালন করছেন না। এছাড়া	(ক) ইউনিয়ন পরিবার কণ্যান সহকারীদের সেবা প্রদান কার্যক্রম তদারকি করতে হবে; (খ) কমিউনিটি ক্লিনিক আবশ্যিকভাবে পরিদর্শন করতে হবে; (গ) অল্প বয়স্ক মেয়েরা যাতে সন্তান সম্ভবা না হয়	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

মো: সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
	প্রতি সপ্তাহে অন্তত ১ দিন কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করতে হবে। উপজেলা পরিষদের চেয়ারম্যান জানান, কিছু সংখ্যক বাল্য বিবাহ সংগঠিত হওয়ায় কম বসয়ে সন্তান ধারণের সম্ভাবন করয়েছে। এ বিষয়টি সর্বোচ্চ সতর্কতার সাথে পর্যবেক্ষণ করতে হবে। তিনি আরও জানান, আমাদের উপজেলার জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করতে হবে।	সে বিষয়ে নিবীর পর্যবেক্ষণ করতে হবে।	
১০	**উপজেলা সমাজসেবা দপ্তর:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বয়স্কভাতা, বিধবা/স্বামী পরিত্যাক্তাভাতা, প্রতিবন্ধিভাতা এবং মুক্তিযোদ্ধা সম্মানিভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। উপজেলা নির্বাহী অফিসার জনান, বিশেষ করে মুক্তিযোদ্ধাদের ভাতা বিতরণ কার্যক্রম নির্বিঘ্নে সম্পাদন নিশ্চিত করতে হবে।	সামাজিক বেষ্টনীয় আওতায় সকল ভাতাভোগীদের তথ্য MIS এ এন্ট্রির করতে হবে। বিশেষ করে বীর মুক্তিযোদ্ধাদের নিয়মিতভাবে ভাতা প্রাপ্তি নিশ্চিত করতে হবে।	১. উপজেলা সমাজসেবা অফিসার ২. চেয়ারম্যান, ইউপি (সকল)
১১	**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে ঋণ প্রদান কার্যক্রমে এ উপজেলার অধিক সংখ্যক তরুণকে সম্পৃক্ত করতে যুব উন্নয়ন কর্মকর্তাকে অধিকতর উদ্যোগী হওয়ার প্রয়োজন।	ঋণ আদায়ে সর্বোচ্চ আন্তরিক হতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১২	**উপজেলা সমবায় বিভাগ** উপজেলা সমবায় কর্মকর্তা জানান, ২০১৯-২০২০ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী সমবায় সমিতির বার্ষিক অডিট সম্পাদন করা হয় এবং অডিট ফি ও সিডিএফ আদায় করে সরকারি কোষাগারে টাকা জমা প্রদান করা হয়। সভায় আরও জানান, পদ্মামনসা আশ্রয়ণ-২ প্রকল্পে প্রায় ২২,০০,০০০/- টাকা তহবিল হিসাবে আছে। কবুলিয়াত দলিল না থাকায় ব্যারাকের সদস্যদের মধ্যে ঋণ প্রদান করা সম্ভব হয়নি। দপ্তরের অন্যান্য কাজ স্বভাবিকভাবে চলছে।	(ক) পদ্মমনসা আশ্রয়ণ-২ প্রকল্পের ব্যারকে থাকা সকল সদস্যদের কবুলিয়াত দলিল দ্রুত সময়ের মধ্যে সম্পাদন করবেন; (খ) সমবায় সমিতিসমূহ নিয়মিতভাবে অডিট করা হয় কিনা তা তদারকি করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার ২. সহকারী কমিশনার (ভূমি) ৩. উপজেলা সমবায় অফিসার
১৩	**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত অর্থবছরের এডিপি টেন্ডার বিজ্ঞপ্তির পেপার বিল এখন পর্যন্ত পরিশোধ করা হয়নি। পেপার বিল পরিশোধের জন্য তিনি অনুরোধ করেন। সভাপতি এ ব্যয় কোন খাত হতে মেটানো হবে জানতে চাইলে উপজেলা প্রকৌশলী বলেন যে, রাজস্ব খাতের প্রকাশনা খাত হতে এ ব্যয় মেটানো যায়। সভায় এ বিষয়ে রাজস্ব খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। এডিপি কার্যক্রমের দেখভালে সার্বিক সহযোগিতা করার জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। এছাড়া উপজেলা পরিষদের হল রুম, ডরমেটরি, উপজেলা চেয়ারম্যান কার্যালয় ও নির্বাহী অফিসারের কার্যালয়ের মেরামতের বিষয়ে আলোচনা হয় এবং উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলন প্রস্তুত করে কোটেশনের মাধ্যমে রাজস্ব খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) সংস্থান থাকা সাপেক্ষে রাজস্ব তহবিল হতে বিগত অর্থবছরসমূহে এডিপি টেন্ডারের বিজ্ঞাপন বিল দিতে হবে; (খ) উপজেলা পরিষদের হল রুম, ডরমেটরি, উপজেলা চেয়ারম্যান কার্যালয় ও নির্বাহী অফিসারের কার্যালয়ের মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করে কোটেশনের মাধ্যমে রাজস্ব খাত হতে অর্থায়নের মাধ্যমে কার্য সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ২. ইউপি চেয়ারম্যান (সকল)

মো: সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১৪	**উপজেলা ভূমি অফিস** সহকারী কমিশনার (ভূমি) বলেন যে, মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ০৪ জানুয়ারি ২০২১ তারিখ ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-১১নং স্মারকপত্রে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বোরহানউদ্দিন উপজেলায় ০১ (এক) জন ভূমিহীন ও গৃহহীনের জন্য গৃহ নির্মাণের নির্দেশনা দেয়া হয়েছে। সভাপতি কত টাকার মধ্যে এ গৃহ নির্মাণ করতে হবে জানতে চাইলে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে, প্রাক্কলিত ব্যয় ভ্যাট ও আইটি ব্যতীত ১,৭১,০০০/- (এক লক্ষ একাত্তর হাজার) টাকা, ভ্যাট ও আইটিসহ প্রাক্কলিত ব্যয় ১,৮৭,২৪৫/- (এক লক্ষ সাতাশি হাজার দুইশত পঁয়তাল্লিশ) টাকা এবং সরাসরি ক্রয় প্রক্রিয়া (ডিপিএম) পদ্ধতিতে ঠিকাদারের মাধ্যমে নির্মাণের ক্ষেত্রে নূন্যতম প্রাক্কলিত ব্যয় ২,১২,৪৪৩/- (দুই লক্ষ বারো হাজার চারশত তেতাল্লিশ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে গৃহ নির্মাণ করতে হবে। সভায় মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ প্রদান নীতিমালা-২০২০ কর্তৃক নির্ধারিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে খাস জমি প্রাপ্তি সাপেক্ষে খাস জমি প্রাপ্তি সাপেক্ষে ভূমিহীন ও গৃহহীনকে ১,৮৭,২৪৫/- (এক লক্ষ সাতাশি হাজার দুইশত পঁয়তাল্লিশ) টাকার মধ্যে ০১টি গৃহ নির্মাণ করে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া প্রকল্প বাস্তবায়ন কমিটির বিষয়ে আলোচনা হয়।	সভায় মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ প্রদান নীতিমালা-২০২০ কর্তৃক নির্ধারিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে খাস জমি প্রাপ্তি সাপেক্ষে খাস জমি প্রাপ্তি সাপেক্ষে ভ্যাট আইটিসহ ভূমিহীন ও গৃহহীনকে ১,৮৭,২৪৫/- (এক লক্ষ সাতাশি হাজার দুইশত পঁয়তাল্লিশ) টাকার মধ্যে (ভ্যাট আইটি ব্যতীত ১,৭১,০০০/- টাকা) ০১টি গৃহ নির্মাণ করে দেয়ার এবং নিম্নোক্ত প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ প্রকল্প বাস্তবায়ন কমিটি ১. উপজেলা নির্বাহী অফিসার — আহবায়ক ২. সহকারী কমিশনার (ভূমি) — সদস্য ৩. উপজেলা প্রকৌশলী — সদস্য ৪. সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান — সদস্য ৫. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা — সদস্য সচিব	
১৫	**আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক)** সমন্বয়কারী, আবাআখা প্রকল্প সভায় জানান যে, সমিতির সদস্যদের মাঝে বিপুল পরিমাণ ঋণ বিতরণ করা হয়েছিল। এ পর্যন্ত বিতরণকৃত ঋণের মধ্যে প্রায় ০৫ (পাঁচ) কোটি টাকা খেলাপী ঋণ রয়েছে। সদস্যদেরকে বার বার তাগিদ দেয়া সত্ত্বেও ঋণ পরিশোধ করছেন না। প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	(ক) আমার বাড়ি আমার খামার প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে মাঠকর্মীদের জোর তাগিদ প্রদান করতে হবে; (খ) আগামীতে ঋণ প্রদানের সময় চেয়ারম্যান কর্তৃক ছবি ও জাতীয় পরিচয়পত্র সত্যায়িত করতে হবে; (গ) ঋণ অনাদায়ে প্রয়োজনে সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।	১. সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ২. চেয়ারম্যান (ইউপি সকল)
১৬	**প্রাণিসম্পদ অধিদপ্তর** প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, দাপ্তরি সমস্ত কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে।	বিভিন্ন রোগ প্রতিরোধে নিয়মিত টিকা প্রদান কার্যক্রম যথাযথভাবে তদারকী করার জন্য অনুরোধ জানান।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
১৭	**বন বিভাগ** উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বোরহানউদ্দিন উপজেলায় ১৯৯০ সনে বনবিভাগের নার্সারী উত্তোলনের জন্য অস্থানীয়ভাবে ০১ (এক) একর জায়গা এবং ১৯৯৬ সালে পুনরায় ৫০ (পঞ্চাশ) শতক জমি উপজেলা পরিষদ থেকে বরাদ্দ দেওয়া হয়। বর্তমানে প্রত্যেক উপজেলায় বনায়ন কার্যক্রম সুদৃঢ় করার লক্ষ্যে স্থায়ীভাবে পাকা ইমারাত, সীমানা প্রাচীরসহ ইত্যাদি কাজের জন্য বরাদ্দ মূল্যায়ন	নির্দেশনার আলোকে বরাদ্দকৃত ভূমি স্থায়ীভাবে সীমানা প্রাচীরসহ ইমারত নির্মাণের জন্য বরাদ্দ দেওয়া যেতে পারে।	উপজেলা বন কর্মকর্তা

মোঃ সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
	দাখিলের নির্দেশ প্রদান করা হয়েছিল। এমতাবস্থায় উক্ত ভূমি বন বিভাগকে স্থায়ীভাবে বরাদ্দ দেওয়া হলে সীমানা প্রাচীরসহ পাকা ইমারাত স্থাপন করা হবে।		
১৮	**ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ওজোপাডিকো) লিমিটেড** ওজোপাডিকো লিমিটেড এর আবাসিক প্রকৌশলী বলেন, উপজেলা পরিষদের অডিটরিয়াম কাম কমিউনিটি সেন্টারটির মে-২০১৬ হতে আগস্ট ২০২০ পর্যন্ত বিদ্যুৎ বিল মোট ৫৬,৫০৪/- (ছাপ্পান্ন হাজার পাঁচ শত চার) টাকা বাকি রয়েছে। যা পরিশোধ করা প্রয়োজন। উপজেলা পরিষদ চেয়ারম্যানসহ চেয়ারম্যানসহ পরিষদের সদস্যবৃন্দ দাবিকৃত অর্থ পরিশোধে সম্মতি জ্ঞাপন করেন।	উপজেলা পরিষদের অডিটরিয়াম কাম কমিউনিটি সেন্টারটির মে-২০১৬ হতে আগস্ট ২০২০ পর্যন্ত বিদ্যুৎ বিল মোট ৫৬,৫০৪/- (ছাপ্পান্ন হাজার পাঁচ শত চার) টাকা বাকেয়া বিল পরিশেধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেলা নির্বাহী অফিসার ২. আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো লি.
১৯.	**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর** উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব রাসেল আহমেদ মিয়া বলেন, উপজেলা পরিষদের কর্মচারীদের ব্যবহারের জন্য কোন কম্পিউটার না থাকায় চেরম্যান ও ভাইস চেয়ারম্যানের দপ্তরের কার্যক্রম নানাভাবে বাধাগ্রস্ত হয়। দীর্ঘ প্রায় ৫/৬ বছর যাবত উপজেলা পরিষদের জন্য কোন কম্পিউটার কেনা হয়নি। উপজেলা নির্বাহী অফিসার জানান, তার দপ্তরের একটি ল্যাপটপ প্রয়োজন। সভাপতি বলেন, রাজস্ব বাজেট হতে কেনা যাবে কি না? উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, সর্বশেষ ২০২০ সালের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা অনুযায়ী উপজেলা পরিষদের TO&E ভূক্ত সর্বমোট ৩ লক্ষ টাকার অফিস সরঞ্জামাদি ক্রয় করা যাবে। এ ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ী ১টি ল্যাপটপ, ১টি কম্পিউটার ও ১টি ফটোকপিয়ার উপজেলা পরিষদের TO&E ভূক্ত অফিস সরঞ্জামের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে। সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১টি কম্পিউটার সেট (প্রিন্টার ও ইউপিএসসহ) এবং ১টি ল্যাপটপ কোটেশনের মাধ্যমে ক্রয়ের করা যায়। উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান বলেন যে, উপজেলা পরিষদের নিরাপত্তা জোড়দারকরণের জন্য সিসি টিভি বসানো উচিত। নির্বাহী কর্মকর্তা বলেন সরকারের উর্ধ্বতন মহলেরও এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা রয়েছে এবং রাজস্ব তহবিলে এ বাবদ অর্থ ব্যয়ের সংস্থানও রয়েছে। সভায় উপজেলা পরিষদ চত্বরে নিরাপত্তা বৃদ্ধির জন্য রাজস্ব খাত হতে সিসি ক্যামেরা স্থাপনের জন্য অনুরোধ করা হয়।	(ক) উপজেলা পরিষদের TO&E ভূক্ত ১টি কম্পিউটার সেট (প্রিন্টার ইউপিএসসহ) এবং ১টি ল্যাপটপ কোটেশনের মাধ্যমে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) উপজেলা পরিষদের নিরাপত্তা জোরদারকরণের জন্য রাজস্ব খাত হতে কোটেশনের মাধ্যমে সিসি ক্যামেরা স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেলা নির্বাহী অফিসার ২. উপজেলা প্রকৌশলী
২০	**উপজেলা আনসার ও ভিডিপি অফিস** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার জানান যে, তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, সরকার কর্তৃক	উপজেলা পরিষদের পরিত্যাক্ত ভবনসমূহ নিলামের মাধ্যমে অপসারিত হলে আনসার ব্যারাক নির্মাণের জায়গা নির্বাচন করা হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার ২. উপজেলা প্রকৌশলী ৩. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার

মো: সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
	নিয়োগকৃত আনসারদের জন্য ব্যারাক নির্মাণ করতে হবে মর্মে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে ভাইস চেয়ারম্যান বলেন যে, উপজেলা পরিষদের বর্তমানে ব্যারাক করার মত জায়গা অবশিষ্ট নেই। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী বলেন যে, ৪টি পরিত্যাক্ত ভবন নিলামের মাধ্যমে অপসারণের কাজ চলমান রয়েছে। এ সকল ভবন অপসারণ হলে আনসার ব্যারাক নির্মাণ করা যেতে পারে। স্ভাপতিসহ উপস্থিত সদস্যবৃন্দ এ বিষয়ে একমত পোষণ করেন।		
২১	**বিবিধ** (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের ডিসেম্বর ২০২০ মাসের সম্মানিভাতা এবং ভ্রমন বিল সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যানের সম্মানি ও বাড়ি ভাড়া বাবদ ৪৫,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা হারে ডিসেম্বর-২০২০ মাসের সম্মানিভাতা বাবদ মোট ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানের ১১,২৫০/- টাকা, ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা হারে ডিসেম্বর-২০২০ মাসের ভ্রমণ ভাতা বাবদ মোট ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকাসহ সর্বমোট =১,৩০,২৫০/- (এক লক্ষ ত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকা সভায় অনুমোদিত সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২. উপজেলা নির্বাহী অফিসার ৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ৪. মহিলা ভাইস চেয়ারম্যান ৫. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল)
	(খ) উপজেলা নির্বাহী অফিসার বাসভবনের নিরাপত্তায় নিয়োজিত আনসারদের সংখ্যা বৃদ্ধি পেয়ে ৮ জনে উপনীত হওয়ায় অতিরিক্ত ৪ জন আনসারের বসবাসের ব্যবহারের জন্য আসবাবপত্র ও লেপ-তোষক, হাড়ি-পাতিল কেনার জন্য ব্যয়িত ২২,৬৮০/- টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	(খ) আনসার সদস্যদের আসবাবপত্র ও লেপ-তোষক, হাড়ি-পাতিল ক্রয় বাবদ ২২,৬৮০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	
	(গ) উপজেলা পরিষদ চত্বরে পরিস্কার পরিচ্ছন্নতা খাত ১৬,২০০/- টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	(গ) উপজেলা পরিষদ চত্বরে পরিস্কার পরিচ্ছন্নতা খাত ১৬,২০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	
	(ঘ) উপজেলা চেয়ারম্যানের কক্ষে দর্শনার্থীদের ব্যবহারের জন্য হাতলওয়ালা ৪টি চেয়ার ক্রয় বাবদ ২২,৪০০/- (বাইশ হাজার চারশত) টাকা ব্যয় অনুমোদন দেয়া হয়।	(ঘ) উপজেলা চেয়ারম্যানের কক্ষে দর্শনার্থীদের ব্যবহারের জন্য হাতলওয়ালা ৪টি চেয়ার ক্রয় বাবদ ২২,৪০০/- (বাইশ হাজার চারশত) টাকা ব্যয় অনুমোদন করা হয়।	

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং- স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.০৬.০০২.২০ ৪৮ (৪৮)

তারিখ: ১৪ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ভোলা-২।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৭. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
৮. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
৯. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১০. উপজেলা .... কর্মকর্তা (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১১. চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১২. জনাব .... সদস্য উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১৩. সংরক্ষণ নথি।

২৮/০১/২০২১

মো. সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।